

১৭ মার্চ ২০২২ থেকে



অ্যাক্সেস-কোড পরিবর্তন



নিম্নলিখিত শ্রমিক দলের জন্য
অ্যাক্সেস-কোড "লাল"* হয়ে যাবে:



1

যে সব শ্রমিকদের অ্যান্টিজেন র‍্যাপিড টেস্ট (ART) বা পলিমারেজ চেইন
রিঅ্যাকশন

(PCR) টেস্ট ** পজিটিভ হয়েছে

- আপনাকে আলাদা করে রাখা উচিত। আপনি COVID-19 আরোগ্য প্রোটোকল সম্পূর্ণ করার পরেই শুধু আপনার অ্যাক্সেস-কোড "সবুজ" হবে।***



2

ভ্যাক্সিন না নেওয়া বা আংশিক ভ্যাক্সিন নেওয়া শ্রমিকগণ। এর মধ্যে এমন শ্রমিকেরা
অন্তর্ভুক্ত রয়েছে যারা তাদের সংক্রমণের তারিখ থেকে ১৮০ দিনের পরে COVID-19
থেকে আরোগ্য লাভ করেছে, কিন্তু তাদের ভ্যাক্সিন দেওয়ার কাজ সম্পন্ন করেনি

- আপনার অ্যাক্সেস-কোড শুধুমাত্র "সবুজ" হবে যদি আপনি আপনার সম্পূর্ণ ভ্যাক্সিন নেবার কাজ সম্পন্ন করেন এবং আপনার সম্পূর্ণ ভ্যাক্সিন প্রাপ্ত অবস্থা বজায় রাখার জন্য নির্ধারিত সময়ে বুস্টার শট গ্রহণ করেন।
- ডরমিটরিতে বসবাসকারী শ্রমিকদের জন্য, আপনি অত্যাবশ্যকীয় কাজকর্মের জন্য বা বিনোদন কেন্দ্র (RCs) যাবার জন্য ডর্ম ছেড়ে যেতে পারেন। RC-তে যাবার জন্য আবেদন করতে অনুগ্রহ করে আপনার ডরমিটরি পরিচালকের সাথে দেখা করুন।

*যদি আপনার অ্যাক্সেস-কোড "লাল" হয়ে যায়, তাহলে আপনাকে কাজে যেতে বা ডর্ম ছেড়ে বাইরে যাবার অনুমতি দেওয়া হবে না।

**কোন উপসর্গ নেই এমন শ্রমিকগণ এবং যারা সম্প্রতি সেরে উঠেছেন তাদের সুস্থ হওয়ার ৯০ দিনের মধ্যে নিজে নিজে টেস্ট করা উচিত নয়।
যাইহোক, যদি আপনার কোনো উপসর্গ না থাকে এবং আপনার সাম্প্রতিক সংক্রমণ পর্বের ২৮ দিনের মধ্যে ভুল করে করা টেস্ট পজিটিভ হয়,
তাহলে আলাদা থাকার কোনো প্রয়োজন নেই এবং আপনি আপনার কাজ এবং দৈনন্দিন জীবন যাত্রা চালিয়ে যেতে পারেন। আপনি যদি অসুস্থ বোধ করেন তবে আপনাকে একজন ডাক্তার দেখাতে হবে।

***এটি ভ্যাক্সিন নেওয়া নির্বিশেষে, সকল কর্মীদের জন্য প্রযোজ্য।